

জনাব মোঃ আবদুল হালিম সচিব, শিল্প মন্ত্রণালয়

এর

বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম), চট্টগ্রাম উপকেন্দ্র পরিদর্শন প্রতিবেদন

গত ২২ ডিসেম্বর ২০১৯ তারিখ রবিবার দুপুর ১২.০০ টায় শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবদুল হালিম চট্টগ্রাম জেলাস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, চট্টগ্রাম উপকেন্দ্র/ক্যাম্পাস পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকৌশলী মোঃ তরিকুল ইসলাম, উপপরিচালক, বিআইএম, চট্টগ্রাম উপকেন্দ্র, জনাব নির্বাহী মজুমদার, সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা, বিআইএম, ঢাকা এবং জনাব দীপঙ্কর রায়, সচিবের একান্ত সচিব উপস্থিত ছিলেন। এসময় তিনি সরেজমিনে বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এর চট্টগ্রাম ক্যাম্পাসটি ঘুরে দেখেন। পরে প্রশাসন ভবনে প্রতিষ্ঠানের সার্বিক অবস্থা নিয়ে কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন।

মতবিনিময় সভায় উপ-পরিচালক বিআইএম, চট্টগ্রাম ক্যাম্পাস জানান যে, বিআইএম চট্টগ্রাম উপকেন্দ্র দক্ষ ব্যবস্থাপক তৈরির জন্য প্রশিক্ষণ প্রদান, উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য গবেষণা কর্ম এবং ব্যবস্থাপনা প্রক্রিয়া উন্নয়নের জন্য পরামর্শ সেবা প্রদানের কার্যক্রম পরিচালনায় নিয়োজিত রয়েছে। স্বল্পমেয়াদি প্রশিক্ষণ কোর্সের আওতায় বিগত তিন অর্থ বছরে (২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯) বিআইএম, চট্টগ্রাম উপ-কেন্দ্রে সর্বমোট ১৭ টি কোর্সে ৩৪২ জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ সেবা প্রদান করেছে। একই সময়ে এক বছর মেয়াদি ১টি ডিপ্লোমা কোর্সে সর্বমোট ৪৪৬ জন প্রশিক্ষার্থী সফলভাবে ডিপ্লোমা সম্পন্ন করেছেন। উপস্থাপিত তথ্য অনুযায়ী বিআইএম, চট্টগ্রাম উপকেন্দ্রের কার্যাবলি নিম্নরূপ:

১. স্বল্প মেয়াদী প্রশিক্ষণ প্রদান
২. দীর্ঘ-মেয়াদী (১বছর ব্যাপি) ডিপ্লোমা কোর্সের প্রশিক্ষণ প্রদান
২. বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক অনুরোধকৃত স্বল্প-মেয়াদী প্রশিক্ষণ কোর্সের আয়োজন
৪. জলাবদ্ধতা নিরসনে গৃহীত প্রকল্প বাস্তবায়ন

**পরিদর্শন শেষে সচিব মহোদয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন:**

- ১) বিআইএম কর্তৃক প্রশিক্ষণ প্রদানে গতানুগতিক মডেল অনুসরণ না করে কার্যকর আধুনিক শিক্ষাদান পদ্ধতি অনুসরণ করতে হবে।
  - ১.১) ক্লাশ টেস্টের বাইরে সারপ্রাইজ এক্সাম নিতে হবে।
  - ১.২) প্রতিটি সাবজেক্ট বা কোর্সে প্রেজেন্টেশন অন্তর্ভুক্ত করতে হবে।
  - ১.৩) বিষয় ভিত্তিক Assignment দিতে হবে।
  - ১.৪) প্রশিক্ষণ মূল্যায়নের ১০% মার্কস অবশ্যই প্রশিক্ষার্থীর ক্লাশে উপস্থিতির উপর নির্ধারণ করতে হবে।
  - ১.৫) চূড়ান্ত পরীক্ষার আগে কেইস স্টাডি দিতে হবে।
- ২) প্রত্যেক প্রশিক্ষার্থীকে Leadership এর প্রশিক্ষণ দিতে হবে।
  - ২.১) তাদেরকে নিয়মিতভাবে Extempore Speech এর অনুশীলন করতে হবে।
  - ২.২) The art of Public Speaking এর উপর সেশন নিতে হবে, কথা বলায় দক্ষ ও কুশলী করতে হবে।
  - ২.৩) প্রত্যেক প্রশিক্ষার্থীকে Presentable বা উপস্থাপনযোগ্য করে তৈরি করতে হবে।
- ৩) প্রশিক্ষণের রিসোর্স পারসন হিসেবে বিভিন্ন বিভাগের অভিজ্ঞতাসম্পন্ন এবং দক্ষ কর্মকর্তা/শিক্ষকদেরকে আমন্ত্রণ জানাতে হবে।
- ৪) প্রয়োজনীয় লোকবল, ভবন সংস্কার এবং জলাবদ্ধতা নিরসনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় কার্যক্রম নিতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে গৃহীত কার্যক্রম আগামী এক মাসের মধ্যে শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সচিব  
০৬.১২.২০২০

দীপঙ্কর রায়  
সচিবের একান্ত সচিব  
(সিনিয়র সহকারী সচিব)

শিল্প মন্ত্রণালয়

ফোন নম্বর: ০৮+০২ ৯৬৫৩৫৮২

ই-মেইলঃ ps2secy@moind.gov.bd

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮- ৩৪৭/৭


তারিখঃ ২৪ পৌষ ১৪২৬  
০৮ জানুয়ারি ২০২০

বিতরণ, সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত সচিব (বিআইএম), শিল্প মন্ত্রণালয় (সচিবের নির্দেশনা বাস্তবায়নের জন্য মহাপরিচালক, বিআইএম পত্র দেয়ার জন্য অনুরোধসহ)

পৃষ্ঠা:১/২

- ২) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম), ঢাকা
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
- ৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
- ৫) পরিচালক (সকল), বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, ঢাকা
- ৬) উপসচিব (বিআইএম), শিল্প মন্ত্রণালয়
- ৭) উপ পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম), চট্টগ্রাম ক্যাম্পাস
- ৮) সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় (শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৯) অফিস কপি।

  
সচিবের একান্ত সচিব  
(সিনিয়র সহকারী সচিব)  
শিল্প মন্ত্রণালয়